

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪২৩০

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (کتاب الزهد)

পরিচ্ছেদঃ ৩১/২৬. নিয়াত (অভিপ্রায়)

بَابِ النِّيَّةِ

### আরবী

حَدَّثَنَا زُهَيْرُ بْنُ مُحَمَّدٍ، أَنْبَأَنَا زَكَرِيَّا بْنُ عَدِيٍّ، أَنْبَأَنَا شَرِيكٌ، عَنِ الأَعْمَشِ، عَنْ أَبِي سُفْيَانَ، عَنْ جَابِرٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ : " يُحْشَرُ النَّاسُ عَلَى نِيَّاتِهِمْ " .

#### বাংলা

৫/৪২৩০। জাবির (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ লোকজনকে তাদের নিয়াত (উদ্দেশ্য) অনুসারে হাশরের ময়দানে একত্র করা হবে।

### **English**

It was narrated from Jabir that the Messenger of Allah (ﷺ) said: "People will be gathered (on the Day of Resurrection) according to their intentions."

## ফুটনোট

মুসলিম ২৮৭৮, আয-যিলাল ৮৬৫। তাহকীক আলবানীঃ সহীহ।

### হাদিসের শিক্ষা

\* এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:

১। এই হাদীসটির দ্বারা প্রমাণিত হয় যে, ইসলাম ধর্মে নিয়তের মহা মান, মর্যাদা ও গুরুত্ব রয়েছে । তাই নিশ্চয় প্রত্যেকটি কর্ম বা আমল সঠিক হওয়ার মূল ভিত্তি হলো পবিত্র ও বিশুদ্ধ নিয়ত অনুযায়ী আল্লাহর বিধান



#### মোতাবেক হওয়া।

২। নিয়ত বলা হয়: কোনো কর্ম সম্পাদনের সাথে সাথে ইচ্ছা পোষণ করা বা মনে ধারণ পোষণ করা । যদি কোনো কর্ম সম্পাদনের ইচ্ছা পোষণ করা হয় কিন্তু কর্ম সম্পাদন পরে হয়, তাহলে তাকে সঙ্কল্প বা সিদ্ধান্ত বলা হয়। সুতরাং নিয়তের তাৎপর্য হলো এই যে, কোনো কর্ম সম্পাদনের ইচ্ছা পোষণ করার সাথে সাথেই কর্ম সম্পাদন করা।

৩। নিশ্চয় কুরআন এই নিয়তকে অনেক ভঙ্গিতে প্রকাশ করেছে: পরকালের ইচ্ছা পোষণ করা, আল্লাহর চেহারা বা দিক চাওয়া এবং আল্লাহর সম্ভুষ্টি লাভ করার দৃঢ় ইচ্ছা রাখা ইত্যাদি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন